



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/1/2023

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল নারী ইতিহাসের মাসের সূচনা উদযাপন করলেন

স্টেটের ইতিহাসের রূপদানকারী ট্রেইলব্লেজারদের সম্মান জানাতে মার্চকে নারীদের ইতিহাসের মাস হিসাবে নামকরণের ঘোষণা জারি করেছেন

নারী ইতিহাসের মাসের স্বীকৃতি হিসেবে স্টেটের ল্যান্ডমার্কসমূহ বেগুনি আলোয় আলোকিত করা হবে

নিউ ইয়র্কের গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্কের নারীদের কৃতিত্ব উদযাপনের জন্য মার্চ মাসকে নারীদের ইতিহাসের মাস হিসেবে [ঘোষণা](#) করেছেন। স্বীকৃতিস্বরূপ, আজকে রাতে, 1 মার্চ তারিখে নিউ ইয়র্ক স্টেটের ল্যান্ডমার্কসমূহকে বেগুনি আলোয় আলোকিত করা হবে।

"ওয়টারলু থেকে সেনেকা ফলস পর্যন্ত নিউ ইয়র্ক স্টেট নারী অধিকার আন্দোলনের জন্মস্থান হিসেবে ইতিহাসে তার স্থান সুদৃঢ় করেছে এবং আমি জানি, সাহসী নারীরা না থাকলে আমি প্রথম নারী গভর্নর হিসেবে এখানে থাকতাম না," **গভর্নর হোকল বলেন।** "এই মাসে এবং প্রতি মাসে, আমরা সমতার জন্য যারা নিরলসভাবে লড়াই করেছেন তাদের সকলের উত্তরাধিকারকে সম্মান জানাতে এবং আমাদের কন্যা ও নাতনীদের জন্য একটি উজ্জ্বল, আরো ন্যায্যসম্পন্ন ভবিষ্যত গড়ে তোলার জন্য কঠোর পরিশ্রম করা চালিয়ে যাব।"

গভর্নর হোকল তার নারীদের ইতিহাসের মাসের [ঘোষণাপত্রে](#) এ বছরের জাতীয় প্রতিপাদ্য বিষয় "আমাদের গল্প বলে এমন মহিলাদের উদযাপন" তুলে ধরেন, নিউ ইয়র্কের নারীদের সম্মানিত করেন যারা লেখক, সাংবাদিক, প্রকাশক, ফটোগ্রাফার এবং কবি হিসেবে সমাজকে সমৃদ্ধ করতে তাদের দৃষ্টিভঙ্গি ও প্রতিভা ব্যবহার করেছেন।

নারী ইতিহাসের মাসের সম্মানে যেসকল ল্যান্ডমার্ক আলোকিত করা হবে:

- ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (One World Trade Center, 1WTC)
- গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ (Mario M. Cuomo Bridge)
- কস্কুইজকো ব্রিজ
- এইচ. কার্ল ম্যাককল সানি বিল্ডিং

- রাষ্ট্রীয় শিক্ষা ভবন
- স্টেট ফেয়ারগ্রাউন্ডস - মেইন গেট অ্যান্ড এক্সপো সেন্টার
- ন্যাগ্রা জলপ্রপাত (Niagara Falls)
- "ফ্রাঙ্কলিন ডেলানো রুজভেল্ট" মধ্য-হাডসন ব্রিজ
- গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল - পারশিং স্কয়ার ভায়াডাক্ট
- অ্যালবানি আন্তর্জাতিক বিমানবন্দর গেটওয়ে (Albany International Airport Gateway)
- ইরি ক্যানেলের উপরস্থ ফেয়ারপোর্ট লিফট ব্রিজ
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং (Alfred E. Smith State Office Building)
- এম্পায়ার স্টেট প্লাজা

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418